গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
ইউআইটিআরসিই, বাগমারা, রাজশাহী।
uitrce.bagmara.rajshahi.gov.bd



স্মারক নং:- ৩৭.২০.৮১১২.০০০.২৫.০০১.২৬.৩৩৩

তারিখ: ১৭ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : **কারণ দর্শানোর নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি গত ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখ হতে অদ্যবধি কর্তৃপক্ষের পূর্বানুমতি/অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যা আউটসোর্সিং নীতিমালা ২০২৫ এবং নিয়োগের শর্তাবলী ৯নং অনুযায়ী চাকরির শৃঙ্খলা ও দায়িত্ব পালনের পরিপন্থী। আপনার এ ধরনের অননুমোদিত অনুপস্থিতির কারণে দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হয়েছে এবং কর্তৃপক্ষের নিকট বিষয়টি গুরুতর বলে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় প্রশাসনিক/শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার সন্তোষজনক লিখিত ব্যাখ্যা এ নোটিশ প্রাপ্তির তিন (০৩) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশক্রমে জানানো হলো।

সংযুক্তিঃ নিয়োগের শর্তাবলী (০১ পৃষ্ঠা)

01/09/2026
মো: রাজিব মাহমুদ
সহকারী প্রোগ্রামার
ইউআইটিআরসিই, ব্যানবেইস
বাগমারা, রাজশাহী
ইমেইল: ap_baghmara@banbeis.gov.bd
ফোনঃ +৮৮০২৫৮৮৮৬৯৫০৭

প্রাপক,
মো: রতনমাঝি, পরিচ্ছন্নতাকর্মী
ইউআইটিআরসিই, ব্যানবেইস, বাগমারা, রাজশাহী।

স্মারক নং:- ৩৭.২০.৮১১২.০০০.২৫.০০১.২৬.৩৩৩

তারিখ: ১৭ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতির প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (উপসচিব), বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
২। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ),বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস),ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪। সংরক্ষণ নথি।

01/09/2026
মো: রাজিব মাহমুদ
সহকারী প্রোগ্রামার
ইউআইটিআরসিই, ব্যানবেইস
বাগমারা, রাজশাহী

Women's Environment and Development Organization (WEDO)
Dhaka Office:
House # 35/D (3rd floor), Road # 7, Block-G
Banani, Dhaka-1213, Bangladesh

স্মারক নং– উইডু/আউটসোর্সিং/নিয়োগ/ব্যানবেইস/২০২৫/০৬/১২২(২৭১) তারিখ: ৩০ জুন, ২০২৫ খ্রি.

## নিয়োগের শর্তাবলি

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান সড়ক (পলাশী–নীলক্ষেত), ঢাকা–১২০৫–এর জন্য নিম্নে উল্লিখিত পদ ও ক্যাটাগরিতে নিম্নোক্ত শর্তাবলির আলোকে আপনাকে নিয়োগ প্রদান করা হলো–

১. আপনি আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫-এর আওতায় আপনার পদ, ক্যাটাগরি ও কর্মস্থলের ভিত্তিতে নির্ধারিত মাসিক সেবা মূল্য (বেতন) প্রাপ্ত হবেন। উক্ত নীতিমালা অনুযায়ী প্রতিবৎসরে দুটি (০২) উৎসব প্রণোদনা এবং এক (০১) বার বৈশাখি প্রণোদনা প্রদান করা হবে। তবে অতিরিক্ত সেবার জন্য কোনো সেবা মূল্য প্রাপ্য হবেন না।

২. আপনি **০১ জুলাই ২০২৫ খ্রি.** হতে **উইমেন্স এনভায়রনমেন্ট এন্ড ডেভেলাপমেন্ট অর্গানাইজেশন (উইডু)**–এর চুক্তিকালীন সময় পর্যন্ত মেয়াদে ব্যানবেইস–এর অধীনে নিয়োগপ্রাপ্ত হবেন। তবে শর্ত থাকে যে, এই নিয়োগপত্রটি ব্যানবেইস হতে অনুমোদন ও পদায়নের পর আপনার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩. ব্যানবেইসের সঙ্গে উইডুর চুক্তি নবায়ন সাপেক্ষে এবং আপনার কাজের সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে **ব্যানবেইস**-এর অনুমোদনক্রমে আপনার নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা হবে।

৪. এই চাকরি কোনো স্থায়ী বা সরকারি চাকরি নয় এবং চাকরি স্থায়ীকরণের জন্য কোনো প্রকার মামলা করা যাবে না। এরূপ কাজে যুক্ত হলে বিনা নোটিশে আপনার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।

৫. এই চাকরি প্রাপ্তির ক্ষেত্রে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে কোনো প্রকার আর্থিক লেনদেন, ঘুষ বা উপহার প্রদান করা হলে এবং তা ভবিষ্যতে প্রমাণিত হলে ব্যানবেইস-এর নির্দেশনা অনুসরণপূর্বক আপনাকে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে।

৬. আপনি চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে **ব্যানবেইস** কর্তৃক পদায়নকৃত কর্মস্থলে অফিসের কাজে নিয়োজিত থাকবেন।

৭. নিয়োগকারী কর্তৃপক্ষ **(উইডু)** যে কোনো সময় এক (০১) মাসের নোটিশে অথবা এক মাসের সমপরিমাণ বেতন প্রদান সাপেক্ষে এই নিয়োগপত্র বাতিল করতে পারবে। তবে নিয়োগপত্র বাতিলের ক্ষেত্রে আউটসোর্সিং নীতিমালা, ২০২৫ অনুসরণ করা হবে। পক্ষান্তরে, নিয়োগপ্রাপ্ত ব্যক্তি এক (০১) মাসের নোটিশ বা এক মাসের সমপরিমাণ বেতন সমর্পণপূর্বক চাকরি হতে অব্যাহতি নিতে পারবেন।

৮. ব্যানবেইস-এর নির্দেশ মোতাবেক অফিসের প্রয়োজনে ব্যানবেইস প্রধান কার্যালয়সহ যে কোনো ইউআইটিআরসিই কার্যালয়ে বদলি এবং যে কোনো স্থানে গমন ও দায়িত্ব পালনের জন্য প্রস্তুত থাকতে হবে। প্রয়োজনে সরকারি ছুটির দিনসহ নির্ধারিত অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে।

৯. সরকারি চাকরি সংক্রান্ত বিদ্যমান বিধিবিধান প্রযোজ্য হবে। এই চুক্তিতে যা উল্লেখ করা হয়নি, সে সকল বিষয়ে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এবং প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক/অস্থায়ী জনবলের জন্য প্রযোজ্য বিধিসমূহ অনুসরণ করা হবে।

১০. অনুমতি ব্যতীত অসুস্থতা বা অন্য কোনো কারণে একটানা ১৫ (পনেরো) দিন অনুপস্থিত থাকলে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. চুক্তিকালীন সময়ে অথবা চুক্তি শেষ হওয়ার পরবর্তী এক (০১) বছরের মধ্যে কর্তৃপক্ষের লিখিত সম্মতি ব্যতীত **ব্যানবেইস**-এর কোনো স্বত্ব, গোপনীয় তথ্য, দায়িত্ব বা কার্যপদ্ধতি সংক্রান্ত তথ্য কোথাও প্রকাশ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১২. দায়িত্ব পালনকালে আপনার দ্বারা ব্যানবেইস-এর কার্যক্রমে কোনো গুরুতর অপরাধ সংঘটিত হলে অথবা আপনার অদক্ষতা বা অবহেলার কারণে ব্যানবেইস-এর কোনো গুরুত্বপূর্ণ সম্পদের ক্ষতি, চুরি বা খোয়া গেলে তার সম্পূর্ণ দায়দায়িত্ব আপনাকেই বহন করতে হবে।

১৩. যোগদানের সাত (০৭) দিনের মধ্যে **ব্যানবেইস**-এর নির্দেশনা মোতাবেক একটি ব্যাংক হিসাব খুলে হিসাব নম্বর ব্যানবেইস ও উইডু অফিসে প্রেরণ করতে হবে।

উপরে বর্ণিত শর্তাবলি আপনার নিকট যদি গ্রহণ যোগ্য হয় তবে উক্ত পত্রসহ **ব্যানবেইস** এর পদায়নকৃত কর্মস্থলে যোগদান করে যোগদান পত্রের কপি উইডু এর কার্যালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোঃ আব্দুল আওয়াল হিমেল)
চেয়ারম্যান ও প্রোপ্রাইটর

নিম্নে উল্লিখিত পদ ও ক্যাটাগরিতে উপর্যুক্ত শর্তানুযায়ী আপনাকে নিয়োগ প্রদান করা হলো এবং এই পত্রটি নিয়োগপত্র হিসেবে বিবেচিত হবে।

| পদের নাম ও ক্যাটাগরি | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| পরিচ্ছন্নতাকর্মী (ক্যাটাগরি-৫) | মো: রতন মাঝি<br>পিতা: ফজল মাঝি<br>মাতা: রোকেয়া বেগম<br>এন.আই.ডি: ৩৩২৩০২১৫৫০৩০৫৯<br>মোবাইল: ০১৭৯৭৩৬৬২৩৫ | গ্রাম: চানকির টেক<br>ডাকঘর: এরশাদ নগর<br>থানা: টঙ্গী<br>জেলা: গাজীপুর | ইউআইটিআরসিই, ব্যানবেইস, বাগমারা,রাজশাহী |

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

০১। পরিচালক বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
০২। সহকারী প্রোগ্রামার, (ইউআইটিআরসিই, ব্যানবেইস, বাগমারা,রাজশাহী)।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ব্যানবেইস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।